

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-১২০৩

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠান খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হিসেবে রূপান্তরের ২০ (বিশ) বছর পূর্ব উপলক্ষ্যে আগামী ০১/০৯/২০২৩ইং তারিখ রোজ শুক্রবার “বিশ্ববিদ্যালয় দিবস-২০২৩” উদ্ঘাপন করা হবে। উক্ত বিশ্ববিদ্যালয় দিবস উদ্ঘাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. সোবহান মিয়া। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার।

এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীকে নিম্নোক্ত অনুষ্ঠানসমূহে অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো।

তারিখ ও সময়	অনুষ্ঠানসূচি
১৮ সেপ্টেম্বর ২০২৩	
সকাল ০৯:০০	প্রশাসনিক ভবনের সামনে প্রীতি সমাবেশ
সকাল ০৯:১৫	পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয় দিবস উদ্বোধন
সকাল ০৯:৩৫	আনন্দ র্যালী (প্রশাসনিক ভবন হতে শুরু হয়ে ফুলবাড়িগেট পুলিশ বক্স হয়ে অডিটরিয়াম পর্যন্ত)
সকাল ১০:০০	পোস্টার ও প্রোজেক্ট প্রেজেন্টেশন (স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার)
সকাল ১০:১৫	কুয়েটের অর্জনঃ অতীত, বর্তমান ও ভবিষ্যৎ এবং টেকনিক্যাল প্রেজেন্টেশন স্থানঃ অডিটরিয়াম
সকাল ১০:৩০	ফ্রি মেডিকেল ক্যাম্প (স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার)
সকাল ১০:৪৫	আলোচনা সভা স্থানঃ অডিটরিয়াম
দুপুর ১২:০০	বৃক্ষ রোপন কর্মসূচি ও মাছের পোনা অবমুক্তকরণ
দুপুর ১২:৩০	বিরতি
বিকাল ১৫:০০	দর্শনার্থীদের জন্য বিভিন্ন বিভাগের ল্যাবসমূহ উন্মুক্তকরণ
বিকাল ১৬:৩০	প্রীতি ফুটবল ম্যাচ (শিক্ষক বনাম ছাত্র)
বিকাল ১৭:১৫ (বাদ আছর)	দোয়া মাহফিল স্থানঃ কেন্দ্রীয় জামে মসজিদ
সন্ধ্যা ১৮:০০	সাংস্কৃতিক অনুষ্ঠান স্থানঃ অডিটরিয়াম

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

Abdul

২৮।০৬।২০২৩

(প্রকৌশলী মোঃ আনিচুর রহমান ভুঞ্জা)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রি/ ৭২২/৬০

তারিখ : ২৮।০৬।১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলো :

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর ইনস্টিউটের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৩। বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর বিভাগের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচার এবং ০১/০৯/২০২৩ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকা হতে স্ব-স্ব বিভাগের ল্যাবসমূহ দর্শনার্থীদের পরিদর্শনের জন্য খোলা রাখার অনুরোধসহ।
- ৫। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল হল প্রভেস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। হলের ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৮। চেয়ারম্যান, যানবাহন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
- ১০। সকল দণ্ডর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর শাখায় সকল কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ১১। সভাপতি, মসজিদ কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১২। সভাপতি, বৃক্ষ উন্নয়ন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। সভাপতি, জমি ও পুকুর কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। সহকারী পরিচালক, জনসংযোগ ও তথ্য শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৫। নিরাপত্তা কর্মকর্তা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৬। পিএসটু ভিসি, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দণ্ডর, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ১৭। সেক্রেটারি অফিসার (গ্রেড-২), প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের দণ্ডর, অত্র বিশ্ববিদ্যালয়। (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ১৮। সংরক্ষণ নথি।

মোঃ আব্দুর রহমান
(মোঃ আব্দুর রহমান ভুঞ্জা)
সহকারী রেজিস্ট্রার